গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়’র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১০১/২০১৯-২০২০
ঢাকা, ১৩ নভেম্বর বুধবার ২০১৯, ২৮ কার্তিক ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। নেপালে রাষ্ট্রপতিকে লালগালিচা সংবর্ধনা
২। প্রধানমন্ত্রী ৭ বিদ্যুৎকেন্দ্র উদ্বোধন করবেন আজ
৩। ব্রাহ্মণবাড়িয়ার মন্দভাগে দুই ট্রেনের সংঘর্ষ : নিহত ১৬ , আহত শতাধিক
পাঁচটি তদন্ত কমিটি গঠন
৪। ট্রেন দুর্ঘটনার পুনরাবৃত্তিরোধে সতর্ক থাকার নির্দেশ প্রধানমন্ত্রীর
কৃষির ওপর নির্ভরশীলতা কমাতে শিল্পায়নের প্রতি প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ
৫। ব্রাহ্মণবাড়িয়ায় ট্রেন দুর্ঘটনায় আহতদের চিকিৎসার খরচ দেবে সরকার : রেলমন্ত্রী
৬। রাষ্ট্রীয় পতাকাবাহী জাহাজ সুরক্ষা ও সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট বিল পাস
৭। পেঁয়াজের বাজার নিয়ন্ত্রণে : সংসদে শিল্পমন্ত্রী
৮। বৈশ্বিক সমস্যা সমাধানে সংসদীয় কূটনীতি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে : স্পিকার
৯। ঘূর্ণিঝড় বুলবুলের আঘাতে ৫০ হাজার কৃষক ক্ষতিগ্রস্ত হয়েছে : সংবাদসম্মেলনে কৃষিমন্ত্রী
১০। প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় শেখ হাসিনার বিকল্প নেই :
পিরোজপুরে ঘূর্ণিঝড় বুলবুলে ক্ষতিগ্রস্তদের মাঝে ত্রাণসামগ্রী বিতরণকালে গণপূর্তমন্ত্রী
১১। রোহিঙ্গা নির্যাতনের প্রেক্ষিতে মিয়ানমারের বিরুদ্ধে
আন্তর্জাতিক আদালতে মামলা করেছে গাম্বিয়া : তথ্যমন্ত্রী
১২। দশ বছরে শিক্ষার্থী ঝরেপড়া কমেছে ১১ শতাংশ : প্যারিসে শিক্ষামন্ত্রী
১৩। বাংলাদেশ থেকে জনশক্তি নেয়ার বিষয়ে ইতিবাচক অবস্থানে মালয়েশিয়া :
সংবাদসম্মেলনে প্রবাসী কল্যাণমন্ত্রী
১৪। নবায়নযোগ্য জ্বালানি উৎপাদনে সরকার গুরুত্ব দিচ্ছে : ঢাকা গ্লোবাল ডায়ালগে বিদ্যুৎ প্রতিমন্ত্রী

চলমান পাতা-২

১। **নেপালে রাষ্ট্রপতিকে লালগালিচা সংবর্ধনা**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ চার দিনের সরকারি সফরে গতকাল (১২ নভেম্বর মঙ্গলবার) নেপাল পৌঁছেছেন। রাষ্ট্রপতি ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ফ্লাইটটি দুপুর ১টায় ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। এ সময় তাঁকে লালগালিচা সংবর্ধনা দেওয়া হয়। তাকে অভ্যর্থনা জানান নেপালের প্রেসিডেন্ট বিদ্যা দেবী ভান্ডারী। রাষ্ট্রপতি হিসেবে মোঃ আবদুল হামিদের এটি প্রথম কাঠমান্ডু সফর। লালগালিচা সংবর্ধনার পর মোটর শোভাযাত্রা করে রাষ্ট্রপতিকে কাঠমান্ডুর ম্যারিয়ট হোটেলে নিয়ে যাওয়া হয়। এ সফর চলাকালে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ নেপালের প্রেসিডেন্টের সঙ্গে বৈঠক করবেন। অন্যান্য কর্মসূচির মধ্যে নেপালের ভাইস প্রেসিডেন্ট, প্রধানমন্ত্রী, জাতীয় পরিষদের চেয়ারপারসন এবং পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করার কথা রয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

২। **প্রধানমন্ত্রী ৭ বিদ্যুৎকেন্দ্র উদ্বোধন করবেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সারাদেশে আরও ২৩ উপজেলা শতভাগ বিদ্যুতায়নের আওতায় আনতে আজ (১৩ নভেম্বর বুধবার) সাতটি বিদ্যুৎকেন্দ্রের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি) জানায়, প্রধানমন্ত্রী আজ (১৩ নভেম্বর বুধবার) সকাল দশটায় তাঁর সরকারি বাসভবন গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সাতটি বিদ্যুৎকেন্দ্রের উদ্বোধন করবেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.১)। **ইনকিলাব** (শেষ পৃ,ক.৮)।

৩। **ব্রাহ্মণবাড়িয়ার মন্দভাগে দুই ট্রেনের সংঘর্ষ : নিহত ১৬ , আহত শতাধিক**
**পাঁচটি তদন্ত কমিটি গঠন**

ব্রাহ্মণবাড়িয়ার মন্দভাগে দুটি ট্রেনের সংঘর্ষে ১৬ জন নিহত হয়েছে। আহত হয়েছে শতাধিক। গত ১১ নভেম্বর সোমবার রাত ৩টার দিকে চট্টগ্রাম থেকে ছেড়ে আসা ঢাকাগামী আন্তঃনগর তূর্ণা নিশীথা সিলেট থেকে ছেড়ে আসা চট্টগ্রামগামী উদয়ন এক্সপ্রেসের একটি বগিতে আঘাত করে। এতে উদয়নের ঐ বগিটি দুমড়ে-মুচড়ে যায়। ক্ষতিগ্রস্ত হয় আরেকটি বগি। তূর্ণা নিশীথার ইঞ্জিনও ক্ষতিগ্রস্ত হয়। এ দুঘটনার পর চট্টগ্রামের সঙ্গে ঢাকা ও সিলেটের ট্রেন যোগাযোগ বন্ধ হয়ে যায়। প্রায় ৮ ঘন্টা পর ট্রেন চলাচল স্বাভাবিক হয়। এ দুর্ঘটনা তদন্তে রেলওয়ে ও জেলা প্রশাসনের পক্ষ থেকে ৫টি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৪। **ট্রেন দুর্ঘটনার পুনরাবৃত্তিরোধে সতর্ক থাকার নির্দেশ প্রধানমন্ত্রীর**
**কৃষির ওপর নির্ভরশীলতা কমাতে শিল্পায়নের প্রতি প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্রাহ্মণবাড়িয়ায় ট্রেন দুর্ঘটনায় প্রাণহানির ঘটনায় দুঃখ প্রকাশ করে এ ধরনের দুর্ঘটনার পুনরাবৃত্তিরোধ করতে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার নির্দেশ দিয়েছেন। গতকাল (১২ নভেম্বর মঙ্গলবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষের (বেপজা) গভর্নিং বোর্ডের ৩৪তম সভায় তিনি এ নির্দেশ দিয়ে বলেন, রেলের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে এ ধরনের দুর্ঘটনা বন্ধে সতর্ক থাকতে হবে। ভবিষ্যতে ট্রেন দুর্ঘটনা প্রতিরোধে চালকদের প্রশিক্ষণের ওপর গুরুত্বারোপ করে প্রধানমন্ত্রী বলেন, রেলে যারা কাজ করেন তাদের আরো দক্ষ করা উচিত এবং সেই সঙ্গে আমাদের রেল চালকদের উন্নত প্রশিক্ষণেরও প্রয়োজন। প্রধানমন্ত্রী কেবল কৃষির ওপর নির্ভরশীল না থেকে কর্মসংস্থান এবং রপ্তানি বৃদ্ধির মাধ্যমে আর্থসামাজিক উন্নয়নের জন্য ব্যাপক শিল্পায়নের পথে যাওয়ায় জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান। তার সরকার প্রদত্ত সুযোগ-সুবিধা, সস্তা শ্রম ও শ্রমবান্ধব তরুণ জনগোষ্ঠী এবং দেশে রাজনৈতিক স্থিতিশীলতা বজায় থাকায় বাংলাদেশকে বিদেশি বিনিয়োগের আকর্ষণীয় গন্তব্য হিসেবেও আখ্যায়িত করেন প্রধানমন্ত্রী। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১)।

৫। **ব্রাহ্মণবাড়িয়ায় ট্রেন দুর্ঘটনায় আহতদের চিকিৎসার খরচ দেবে সরকার : রেলমন্ত্রী**

ব্রাহ্মণবাড়িয়ায় মন্দবাগে ট্রেনের মুখোমুখি সংঘর্ষের আহত প্রত্যেককে রেলপথ মন্ত্রণালয়ের পক্ষ থেকে ১০ হাজার টাকা করে সহায়তা দেয়া হয়েছে। এছাড়া দুর্ঘটনায় আহত সবার চিকিৎসার খরচ সরকার বহন করছে বলে জানিয়েছেন রেলমন্ত্রী নূরুল ইসলাম সুজন। তিনি গতকাল (১২ নভেম্বর মঙ্গলবার) ব্রাহ্মণবাড়িয়ায় ট্রেন দুর্ঘটনায় কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন আহতদের দেখতে এসে এসব কথা বলেন। মন্ত্রী আরও বলেন, দুর্ঘটনার কারণ জানতে

মোট ৫টি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে দুর্ঘটনায় তূর্নানিশিতা ট্রেনের লোকমটিভ মাস্টারের ত্রুটি রয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **ইনকিলাব** (পৃ.২,ক.৪)।



**৬। রাষ্ট্রীয় পতাকাবাহী জাহাজ সুরক্ষা ও সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট বিল পাস**

রাষ্ট্রীয় পতাকাবাহী জাহাজের সুরক্ষায় 'বাংলাদেশের পতাকাবাহী জাহাজ (সুরক্ষা) বিল-২০১৯' পাস হয়েছে। ১৯৮২ সালের অধ্যাদেশকে আইনে এবং বাংলা ভাষায় রূপান্তরের পাশাপাশি যুগোপযোগী করতে এ বিলটি পাস হয়। গতকাল (১২ নভেম্বর মঙ্গলবার) সংসদে বিলটি পাসের জন্য উত্থাপন করেন নৌপরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। পরে বিলটি কণ্ঠভোটে পাস হয়। এছাড়া দেশের সব মিষ্টি ফসলের গবেষণা একই ছাতার নিচে আনতে বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট আইন-২০১৯ (বিএসআরআই) বিল পাস হয়েছে। গতকাল বিলটি কণ্ঠভোটে পাস হয়। বিলটি পাসের প্রস্তাব করেন কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক। সূত্র : **বণিক বার্তা (পৃ.২,ক.১)**।

**৭। পেঁয়াজের বাজার নিয়ন্ত্রণে : সংসদে শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূণ বলেছেন, ভারতে হঠাৎ বন্যার কারণে আমাদের পেঁয়াজের বাজার গরম হয়ে যায়। এ সময় ভারত পেঁয়াজে রপ্তানিও বন্ধ করে দেয়। তবে আমরা অতিসত্বর তা নিয়ন্ত্রণে নিয়ে এসেছি। গতকাল (১২ নভেম্বর মঙ্গলবার) সংসদে একটি সম্পূরক প্রশ্নের জবাবে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশির পক্ষে শিল্পমন্ত্রী এ কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

**৮। বৈশ্বিক সমস্যা সমাধানে সংসদীয় কূটনীতি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে : স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, বৈশ্বিক সমস্যা সমাধানে সংসদীয় কূটনীতি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। গতকাল (১২ নভেম্বর মঙ্গলবার) রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে 'ঢাকা গ্লোবাল ডায়ালগ-২০১৯' অনুষ্ঠানের 'হোনিং লেজিসলেটিভ ইনোভেশন : পার্লামেন্টারি ডিপ্লোমেসি ফর দ্যা ফিউচার' শীর্ষক এক সেশনে তিনি এসব কথা বলেন। সূত্র-সংবাদ (শেষ পৃ,ক.৫)।, **যুগান্তর** (পৃ.১৭,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**৯। ঘূর্ণিঝড় বুলবুলের আঘাতে ৫০ হাজার কৃষক ক্ষতিগ্রস্ত হয়েছে : সংবাদসম্মেলনে কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক বলেছেন, ঘূর্ণিঝড় বুলবুলের আঘাতে ১৬ জেলার ৫০ হাজার ৫০৩ জন কৃষক ক্ষতিগ্রস্ত হয়েছে। বুলবুলের কারণে ২৬৩ কোটি পাঁচ লাখ টাকার ফসলের ক্ষতি হয়েছে। অর্থ মন্ত্রণালয় থেকে বরাদ্দ পেলে দ্রুতই ক্ষতিগ্রস্ত কৃষকদের পুনর্বাসন করা হবে। গতকাল (১২ নভেম্বর মঙ্গলবার) সচিবালয়ে এক সংবাদসম্মেলনে তিনি এসব তথ্য জানান। তিনি আরো বলেন, প্রাথমিকভাবে প্রাপ্ত তথ্য মোতাবেক ক্ষতিগ্রস্ত জমির পরিমাণ ২২ হাজার ৮৩৬ হেক্টর, ক্ষতিগ্রস্ত ফসলের পরিমাণ ৭২ হাজার ২১২ মেট্রিকটন। আর্থিক ক্ষয়ক্ষতির পরিমাণ ও ২৬৩ কোটি ৫ লাখ টাকা। মোট ক্ষতিগ্রস্ত কৃষকের সংখ্যা ৫০ হাজার ৫০৩ জন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৭)।

**১০। প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় শেখ হাসিনার বিকল্প নেই :**
**পিরোজপুরে ঘূর্ণিঝড় বুলবুলে ক্ষতিগ্রস্তদের মাঝে ত্রাণসামগ্রী বিতরণকালে গণপূর্তমন্ত্রী**

গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী অ্যাডভোকেট শ. ম. রেজাউল করিম বলেছেন, বাংলাদেশে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় শেখ হাসিনার বিকল্প নেই। যখনই প্রাকৃতিক দুর্যোগ উপকূলে আঘাত হানে তখনই সরকারপ্রধানসহ তার দলের কোনো নেতাকর্মী ঘরে বসে থাকেন না। নিরন্ন মানুষের পাশে ছুটে গিয়ে তাদের সেবা, আহারসহ দুর্গত এলাকা থেকে ক্ষতিগ্রস্তদের উদ্ধারের জন্য কাজ করেন। গতকাল (১২ নভেম্বর মঙ্গলবার) পিরোজপুর জেলার সদর ও নাজিরপুরের বিভিন্ন প্রত্যন্ত এলাকার ঘূর্ণিঝড় বুলবুলে ক্ষতিগ্রস্তদের মাঝে ত্রাণসামগ্রী বিতরণকালে তিনি এসব কথা বলেন। সূত্র : **যুগান্তর** (পৃ.২,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৩)।

**১১। রোহিঙ্গা নির্যাতনের প্রেক্ষিতে মিয়ানমারের বিরুদ্ধে**
**আন্তর্জাতিক আদালতে মামলা করেছে গাম্বিয়া : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, মিয়ানমারের বিরুদ্ধে রোহিঙ্গাদের ওপর নির্যাতনের বিচার ও তাদের নাগরিকদের দেশে ফিরিয়ে নেওয়ার জন্য আন্তর্জাতিক আদালতে গাম্বিয়া মামলা করেছে। ওআইসির সিদ্ধান্তক্রমে গাম্বিয়া মামলাটি করে। এ মামলার সঙ্গে ৫৬টি ওআইসিভুক্ত দেশের রেজুলেশন যুক্ত আছে। তথ্যমন্ত্রী আরো বলেন, শহীদ নূর হোসেনকে উদ্দেশ করে জাতীয় পার্টির মহাসচিব মসিউর রহমান রাঙ্গাঁর অবমাননাকর মন্তব্য অত্যন্ত দুঃখজনক ও

অনভিপ্রেত। কারণ নূর হোসেন গণতন্ত্রের প্রতীক। গতকাল (১২ নভেম্বর মঙ্গলবার) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.১)।, **যায়যায়দিন** (পৃ.৩,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।



১২। **দশ বছরে শিক্ষার্থী ঝরেপড়া কমেছে ১১ শতাংশ : প্যারিসে শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, সরকার স্কুল শিক্ষার্থীদের ঝরেপড়ার হার উল্লেখযোগ্যভাবে কমিয়ে আনতে সক্ষম হয়েছে। সরকার গত ১০ বছরে শিক্ষার্থী ঝরেপড়ার হার ২৯ শতাংশ থেকে ১৮ শতাংশে নামিয়ে এনেছে। স্কুল থেকে ঝরেপড়া রোধে সরকার স্কুল ফিডিং এবং বৃত্তির ব্যবস্থা করেছে। গতকাল (১২ নভেম্বর মঙ্গলবার) প্যারিসে ইউনেস্কোর সদরদপ্তরে ইউনেস্কোর ৪০তম জেনারেল কনফারেন্সে অংশ নিয়ে এসডিজি-সংক্রান্ত সেমিনারে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.১)।,

১৩। **বাংলাদেশ থেকে জনশক্তি নেয়ার বিষয়ে ইতিবাচক অবস্থানে মালয়েশিয়া : সংবাদসম্মেলনে প্রবাসী কল্যাণমন্ত্রী**

বাংলাদেশ থেকে জনশক্তি নেয়ার বিষয়ে ইতিবাচক অবস্থানে আছে মালয়েশিয়া। তবে কর্মী পাঠানোর প্রক্রিয়া ও স্বল্প খরচের বিষয়ে এখনও ঐকমত্যে আসতে পারেনি দু'দেশ। এ বিষয়ে ২৪ ও ২৫ নভেম্বর দুই দেশের যৌথ বৈঠকে তা চূড়ান্ত হবে। গতকাল (১২ নভেম্বর মঙ্গলবার) মন্ত্রণালয়ে সংবাদসম্মেলনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী ইমরান আহমদ এ কথা জানান। সূত্র : **যুগান্তর** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.৭,ক.২), **অবজারভার** (শেষ পৃ,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

১৪। **নবায়নযোগ্য জ্বালানি উৎপাদনে সরকার গুরুত্ব দিচ্ছে : ঢাকা গ্লোবাল ডায়ালগে বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, জনবহুল দেশ হওয়ায় ব্যাপক পরিসরে সোলার প্যানেল বসানোর মতো প্রয়োজনীয় জমির সংকট দেশে রয়েছে। পাশাপাশি উচ্চমূল্যের কারণে বাংলাদেশে সোলারের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন ব্যয়বহুলও। তা সত্ত্বেও সরকার সোলারসহ নবায়নযোগ্য জ্বালানির মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনে গুরুত্ব দিচ্ছে। অপেক্ষাকৃত সাশ্রয়ী ও পরিচ্ছন্ন জ্বালানির টেকসই সমাধানের পথেই থাকবে সরকার। গতকাল (১২ নভেম্বর মঙ্গলবার) রাজধানীর একটি হোটেলে ঢাকা গ্লোবাল ডায়ালগ-২০১৯' এর দ্বিতীয় দিনে 'রিনিউয়েবল এনার্জি ইন ইন্দো-প্যাসিফিক' শীর্ষক সেমিনারে তিনি এ কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৫)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক, ভোরের কাগজ, সমকাল, যুগান্তর, যায়যায়দিন :** সিলেট হতে চট্টগ্রামগামী উদয়ন এক্সপ্রেস এবং চট্টগ্রাম হতে ঢাকাগামী তূর্ণা নিশীথা ট্রেনের মুখোমুখি সংঘর্ষে ১৬ জন নিহত ও শতাধিক যাত্রী আহত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ দুর্ঘটনার জন্য দায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

খ. **যায়যায়দিন :** পেঁয়াজের মূল্য বৃদ্ধি রেকর্ড ভেঙেছে উল্লেখ করে পেঁয়াজ নিয়ে এ কারসাজি বন্ধে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

গ. **বণিক বার্তা :** গত কয়েক বছরে শিক্ষার হার জ্যামিতিক গতিতে বাড়লেও সে অনুপাতে দক্ষ ও যোগ্য মানবসম্পদ তৈরি হয়নি উল্লেখ করে সাধারণ শিক্ষার পাশাপাশি উন্নতমানের কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ঘ. **সমকাল :** মানপাচারের মামলায় এ পর্যন্ত প্রায় সাড়ে ৫ হাজার মামলা হলেও নিষ্পত্তি হয়েছে মাত্র ২৪৭টি উল্লেখ করে মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করে শাস্তির ব্যবস্থা করা হলে মানবপাচারের মতো ঘৃণ্য অপরাধ কমে আসবে বলে মতপ্রকাশ।

ঙ. **যুগান্তর :** রোহিঙ্গা প্রত্যাবাসনে মিয়ানমারের ওপর চাপ আরও জোরদার করার পরামর্শ।

চ. **নিউ এজ :** ঘূর্ণিঝড় 'বুলবুল'এর কারণে ক্ষতিগ্রস্তদের দ্রুত ত্রাণ সহায়তা ও পুনর্বাসনের ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বাংলাদেশ এখন শুধু উন্নয়নের রোল মডেলই নয় দুর্যোগ মোকাবিলায়ও বিশ্বে একটি মডেল দেশ।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'নদীর ধারে ও সমুদ্র উপকূলে বৃক্ষ রোপণ'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, নদীর ভাঙনরোধ, জলাশয়ের ভাঙনরোধ, সমুদ্র উপকূলে ভূমিক্ষয় ঠেকাতে গাছ লাগানো একটি কার্যকর ব্যবস্থা।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা